## ২০২০ বাংলা

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম) দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH/GE-T-2

(বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ):

গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৬০

সময় : ২ বু ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক। প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
  - ক) ফোর্ট উইলিয়াম কলেজের লেখকদের মধ্য থেকে দুজন লেখকের নাম লেখো।
  - খ) রামমোহনকে 'ভারত পথিক' কে বলেছিলেন? কেন বলেছিলেন?
  - গ) 'চতুর্দশপদী কবিতাবলী' কার লেখা? প্রকাশকাল লেখো।
  - ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা বিখ্যাত উপন্যাস কোন্টি? ওই উপন্যাসের একটি গুরুত্বপূর্ণ চরিত্রের নাম লেখো।
  - ঙ) দীনবন্ধু মিত্রের লেখা দুটি প্রহসনের প্রকাশকালসহ নাম লেখো।

- চ) 'সংবাদ প্রভাকর' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন? প্রকাশকাল উল্লেখ করো।
- ছ) প্রাচীন বাংলা ভাষার সময়কাল হিসাবে কোন্ সময়কে গণ্য করা হয়? এই পর্বের একটি লেখ্য নিদর্শনের নাম লেখো।
- জ) ঝাড়খণ্ডী উপভাষা প্রধানত কোন্ অঞ্চলে প্রচলিত? এই উপভাষার একটি বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ উল্লেখ করো।
- ঝ) কোন্টি কোন্ ধরনের ধ্বনি পরিবর্তন তা নির্দেশ করো : বাসাতা, চাঁদ, আস্পর্ধা, রতন
- ঞ) বাংলা ভাষায় প্রচলিত দুটি পর্তুগিজ শব্দ ও দুটি ফরাসি শব্দের দৃষ্টান্ত দাও।
- ট) অপিনিহিতি কাকে বলে? দৃষ্টান্ত দাও।
- ঠ) বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।
- ড) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি স্বদেশচেতনামূলক উপন্যাসের নাম প্রকাশকালসহ লেখো।
- ঢ) বচন কাকে বলে ? বাংলা ভাষায় বচন কত প্রকার ও কী কী ?
- গ) দ্বিজেন্দ্রলাল রায় কোন্ ধরনের নাটক রচনায় প্রসিদ্ধ ছিলেন?
  তাঁর ওই শ্রেণীর একটি নাটকের নাম উল্লেখ করো।
- ২। ক-বিভাগ থেকে যে-কোনো **তিনটি** এবং খ-বিভাগ থেকে যে-কোনো **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

## বিভাগ - ক

ক) কাজী নজরুল ইসলামের কবিতায় সাম্প্রদায়িকতা ও সামাজিক অনাচারের বিরুদ্ধে যে প্রতিবাদ ধ্বনিত হয়েছে সে সম্পর্কে তোমার অভিমত বুঝিয়ে দাও।

[2]

- খ) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন ? বাংলা সাহিত্যের প্রসারে এই পত্রিকার গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।
- গ) টীকা লেখ ( যে-কোনো **দুটি**) : গল্পগুচ্ছ, বনলতা সেন, সীতার বনবাস, নীলদর্পণ
- ঘ) বাংলা নাটকে গিরিশচন্দ্র ঘোষের অবদান বুঝিয়ে দাও।

## বিভাগ - খ

- ঙ) সাধুভাষা ও চলিত ভাষা বলতে তুমি কী বোঝ? এই দুই ভাষার মধ্যে যে পার্থক্য রয়েছে সে বিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো।
- চ) টীকা লেখো (যে-কোনো দু**'টি**) : অভিশ্রুতি, স্বরভক্তি, দেশী শব্দ, স্বরাগম
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
  - ক) বাংলা সাহিত্যে মধুসূদন দত্তের নানাবিধ ভূমিকা সম্পর্কে আলোচনা করো।
  - খ) বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি সম্পর্কে দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও।
  - গ) 'বীরবল' ছদ্মনামে কে পরিচিত? বাংলা গদ্যরীতিতে তাঁর অবদান সম্পর্কে লেখো।
  - ঘ) শরৎচন্দ্রের উপন্যাসে বাংলার যে সমাজচিত্র ফুটে উঠেছে সে সম্পর্কে তোমার অভিমত বুঝিয়ে দাও।

\_\_\_\_\_